একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত (করণিক ভুল সংশোধিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

নম্বর- ১৬.০০.০০০০.০০৩.৩৮.০০২.২২.৬৫৪ তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৯ / ২৯ মে ২০২২

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা
হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তার কার্যালয়
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ **১৪৪৩ হিজরি/২০২২ খ্রিষ্টাব্দ সনের হজ প্রশাসনিক দল গঠন।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ১৪৪৩ হিজরি/২০২২ খ্রিষ্টাব্দ হজ মৌসুমে সৌদি আরবে হজ ব্যবস্থাপনার সার্বিক কার্যক্রম তদারকি, সমন্বয়, হজযাত্রীর সেবা এবং প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য ২৬ (ছাব্বিশ) সদস্য বিশিষ্ট হজ প্রশাসনিক দল ২০২২ গঠন করে তাদের নামের পার্শ্বে বর্ণিত সময়ে সৌদি আরব গমন এবং প্রত্যাবর্তনে সরকারের সম্মতি জ্ঞাপন করছি:

ক্র. নং	কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী	সৌদি আরবে কর্মস্থল	সৌদি আরবে কর্মকাল (সম্ভাব্য)
	১ম পর্যায় (জ্যেষ্ঠতারভিত্তিতে নয়):		
১.	জনাব মোঃ মুনিম হাসান, অতিরিক্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	১ম ব্যাচ দলনেতা	০২.০৬.২০২২ হতে ১৪.০৭.২০২২ পর্যন্ত (বা নিকটবর্তী সময়)
২.	জনাব মো. সাখাওয়াৎ হোসেন, উপসচিব (প্রশাসন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা	
৩.	জনাব মোহম্মাদ আফজাল হোসেন, পরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়	মক্কা	
৪.	জনাব মোহাম্মদ রোকন উদ্দিন, উপসচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	মক্কা	
৫.	জনাব মোঃ আবদুল্লাহ হারুন, উপসচিব, স্বাস্থ্য ও শিক্ষা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	মক্কা	
৬.	জনাব দিলসাদ বেগম, উপসচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	মক্কা	
৭.	জনাব আলাউদ্দিন আলী, উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	মক্কা	
৮.	জনাব মুহাম্মদ নেছার উদ্দিন জুয়েল, উপসচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়	মক্কা	
৯.	জনাব মো: শফিকুর রহমান, পরিচালক (পশ্চিম এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা	মক্কা	
১০.	জনাব মোহাম্মদ মাহবুবুল আলম মজুমদার, উপসচিব, জননিরাপত্তা বিভাগ , স্বরাষ্ট্র মন্ত্রণালয়	মদিনা	
১১.	জনাব ফিরোজ কবির মাহমুদ, যুগ্মপরিচালক, এনএসআই	মক্কা	
১২.	ড. মো: সাইফুল্লাহ বিন আনোয়ার, পুলিশ সুপার, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা	মক্কা	
১৩.	জনাব মো: আব্বাছ আলী, ডেপুটি রেজিষ্ট্রার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা	মদিনা	
১৪.	মো: আব্দুল গাফফার, পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা	মক্কা	
১৫.	জনাব এ,বি,এম আশরাফুল খায়ের, অতিরিক্ত পরিচালক, সদর দপ্তর ডিজিএফআই, ঢাকা	মক্কা	
	২য় পর্যায় (জ্যেষ্ঠতারভিত্তিতে নয়):		
১৬.	জনাব মো: মতিউল ইসলাম, অতিরিক্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	২য় ব্যাচ দলনেতা	০৩.০৭.২০২২ হতে ১৪.০৮.২০২২ পর্যন্ত (বা নিকটবর্তী সময়)
১৭.	ড. মোঃ মুশফিকুর রহমান মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন	মক্কা	
১৮.	জনাব মো: সাইদুর রহমান অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়	মদিনা	
১৯.	জনাব মো: আব্দুর রহমান খান, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	মক্কা	
২০.	জনাব মো: নায়েব আলী মন্ডল, যুগ্মসচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা	
২১.	জনাব খান মো: নূরুল আমিন, ওয়াকফ্ প্রশাসক, ওয়াকফ্ প্রশাসকের কার্যালয়	মক্কা	
২২.	জনাব মো: সাইফুল ইসলাম, পরিচালক, হজ অফিস, ঢাকা	মক্কা	

ক্র. নং	কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী	সৌদি আরবে কর্মস্থল	সৌদি আরবে কর্মকাল (সম্ভাব্য)
২৩.	জনাব দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী, মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা	
২৪.	জনাব তানভীর আহমেদ, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ	মদিনা	
২৫.	জনাব মোহাম্মদ আব্দুল আউয়াল, উপসচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	মদিনা	
২৬.	জনাব আবুল কাশেম মুহাম্মদ শাহীন, উপসচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	মক্কা	

২. হজ প্রশাসনিক দলের সদস্যগণ বিমানের ফ্লাইট প্রাপ্তি সাপেক্ষে তাঁদের নামের বিপরীতে উল্লিখিত তারিখ অনুযায়ী বা ফ্লাইট প্রাপ্তি সাপেক্ষে নিকটবর্তী সময়ে সৌদি আরব গমন ও বাংলাদেশে প্রত্যাবর্তন করবেন। বর্ণিত সময়ে তাঁদের চাকুরীকাল ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন বলে গণ্য হবে। তাঁরা সৌদি আরবে গমণপূর্বক কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরবে যোগদানপত্র জমা দিবেন এবং বাংলাদেশে প্রত্যাবর্তনকালে প্রত্যয়নপত্র সংগ্রহ করবেন।

৩. হজ প্রশাসনিক দলের কোন সদস্য তাঁর দায়িত্ব পালনকালে কোনভাবেই স্বামী/স্ত্রী/সন্তান/আত্মীয়কে সঙ্গে নিতে ও রাখতে পারবেন না। তাছাড়া কোন সদস্য সৌদি আরব অবস্থানকালীন কর্মস্থলে অনুপস্থিত থেকে ব্যক্তিগত কাজে কর্মস্থলের বাইরে যেতে পারবেন না। যাতায়াতের নিমিত্ত গাড়ীর চাহিদাপত্রও দাখিল করা যাবে না। সরকারি দায়িত্ব ব্যতিত অন্য কোন ভ্রমণে হজ অফিস, মক্কা কর্তৃক যানবাহনের ব্যবস্থা করা হলে তার নির্ধারিত ভাড়া পরিশোধ করতে হবে।

৪. এ সফর সরকারি সফর হিসেবে গণ্য হবে। বিদেশে অবস্থানকালে সরকারি কর্মকর্তাগণ বাংলাদেশের স্থানীয় মুদ্রায় নিজ নিজ কর্মস্থল হতে যথারীতি বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন। ফ্লাইট প্রাপ্তি সাপেক্ষ্যে গমনাগমন নিশ্চিত হবে। নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় সৌদি আরব অবস্থানের দৈনিক ভাতা প্রাপ্য হবেন না। দলের কোন সদস্য সর্বোচ্চ ৪২ (বিয়াল্লিশ) দিনের বেশি দৈনিক ভাতা প্রাপ্য হবেন না

৫. হজ প্রশাসনিক দলের সদস্যদের যাবতীয় ভ্রমণ ব্যয় ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেটের এবং ২০২২-২০২৩ অর্থ বছরের মূল বাজেটের "বাংলাদেশের বাহিরে হজ বাবদ ব্যয়" খাতের অর্থনৈতিক কোড নং-১৩৫০১০১-১২০০০১৭০১-৩২৪৪১০১ এ বরাদ্দকৃত "ভ্রমণ ব্যয়" বাবদ অর্থ হতে বহন করা হবে। অগ্রিম হিসেবে ২,০০০০০ (দুই লক্ষ) টাকা বিলের মাধ্যমে উত্তোলন করে প্রদান করা হবে। চূড়ান্ত বিল পরিশোধকালে উক্ত অর্থ সমন্বয় করা হবে। প্রাপ্য বৈদেশিক ভাতা থেকে আবাসন ও যাতায়াত, ভিসা ফি, ইন্স্যুরেন্স ফি বাবদ ব্যয় কর্তন করা হবে অথবা কাউন্সেলর বরাবর নির্ধারিত হারে সৌদি রিয়ালে পরিশোধ করতে হবে। যা সংশ্লিষ্ট কর্মচারীর বেতন গ্রেড ভিত্তিক নির্ধারিত হবে। বাংলাদেশে প্রত্যাবর্তনের পর চূড়ান্ত বিল দাখিলের সময় প্রত্যয়নপত্র/ছাড়পত্রসহ ভ্রমণবিবরণী ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হিসাব শাখায় জমা দিতে হবে।

৬. সৌদি আরব অবস্থানকালীন কাউন্সেলর (হজ) প্রয়োজনের নিরিখে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং হজ প্রশাসনিক দলের দলনেতার সাথে পরামর্শক্রমে হজ প্রশাসনিক দলের সদস্যদের দায়িত্ব পুনঃবন্টন করতে পারবেন।

৭. হজ প্রশাসনিক দলের সদস্যগণকে সৌদি আরবের মক্কা/মদিনা/জেদ্দায় কাউন্সেলর (হজ) কর্তৃক নির্ধারিত হোটেল/বাড়ি/ভবনে অবস্থান করতে হবে।

৮. হজ প্রশাসনিক দলের সদস্যগণ হজ প্রশাসনিক দলের দলনেতা/কাউন্সেলর (হজ) এর নির্দেশনামতে অর্পিত দায়িত্ব পালন করবেন। এ দলের সদস্যদের শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে সরকারি চাকুরি আইন, ২০১৮ এবং হজ

ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ প্রযোজ্য হবে এবং শৃঙ্খলা ভঙ্গসহ অসদাচরণের কারণে উক্ত আইনসমূহ অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে/গ্রহণ করার জন্য সুপারিশ করা হবে।

৯. হজ প্রশাসনিক দলের দলনেতা এবং কাউন্সেলর (হজ) প্রশাসনিক দলের সদস্যদের কার্যক্রম সম্পর্কে মূল্যায়ন প্রতিবেদন প্রদান করবেন। মূল্যায়ন প্রতিবেদনে উল্লিখিত কোনো বিরূপ মন্তব্যের ধারাবাহিকতায় সংশ্লিষ্ট সদস্যের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সুপারিশ করবে। কোন সদস্যের কর্তব্য অবহেলা গোচরীভূত হলে তাৎক্ষণিকভাবে তাকে নিজ খরচে দেশে ফেরত পাঠানো হবে এবং অন্যান্য অর্থ ফেরত/আদায় করা হবে।

১০. **হজ প্রশাসনিক দলের সদস্যগণ হজ ব্যবস্থাপনা কাজের জন্য স্টিকার ভিসায় সৌদি আরবে গমন করবেন। রাজকীয় সৌদি সরকার কর্তৃক অনুমতি পাওয়া না গেলে এ দলের সদস্য ও অন্যান্য দলের সদস্যগণও পবিত্র হজ পালন হতে বিরত থাকবেন।**

১১. হজ প্রশাসনিক দলের সদস্যদেরকে চূড়ান্ত বিল উত্তোলনের পূর্বে কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস,জেদ্দা, সৌদি আরব কর্তৃক প্রদত্ত অবস্থানকালীন প্রত্যয়নপত্র, সৌদি আরবে গমন ও প্রত্যাগমনের টিকেট/বোর্ডিং পাস এবং **পাসপোর্টে ডিপারচার ও এ্যারাইভ্যাল এর সীলযুক্ত পাতার ফটোকপি ৪ সেট ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হিসাব শাখায় দাখিল করতে হবে।**

১২. হজ প্রশাসনিক দলের সদস্যদেরকে নিয়ে আগামী ৩১.০৫.২০২২ খ্রি. তারিখ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং-১৫১৫, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) বিকাল ০৫.০০ টায় ওরিয়েনটেশন অনুষ্ঠিত হবে। উক্ত ওরিয়েনটেশনে আবশ্যিকভাবে সকলকে উপস্থিত থাকতে হবে।

১৩. হজ প্রশাসনিক দলের সদস্যদের ০৪ জানুয়ারি ২০২৩ সাল পর্যন্ত মেয়াদ সম্পন্ন পাসপোর্ট থাকতে হবে। হজ প্রশাসনিক দলের ১ম ব্যাচের সদস্যদের পাসপোর্ট আগামী ৩০.০৫.২০২২ খ্রি. তারিখের মধ্যে এবং ২য় ব্যাচের সদস্যদের পাসপোর্ট আগামী ১০.০৬.২০২২ খ্রি. তারিখের মধ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ শাখায় (কক্ষ নং-১৪১৬, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) জমা দিতে হবে। পাসপোর্টের সাথে হজ ওয়েবসাইটে (www.hajj.gov.bd) ফরম সেকশনে বর্ণিত ফরম-৭ পূর্ণাঙ্গ ভাবে পূরণ করে পূরণকৃত ফরমসহ পাসপোর্টের মূল পাতার ফটোকপি, কোভিড-১৯ এর টিকা সনদ এবং বিল ফিক্সেশন এর জন্য ব্যবহৃত জাতীয় পরিচয় পত্রের কপিসহ ২ সেট জনাব মো: আবদুর রউফ শাহীন, প্রশাসনিক কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (মোবাইল নম্বর- ০১৯১৪৬৪৮৫৩৫) এর নিকট জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

১৪. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারী করা হ'ল।

৩০.০৫.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব (হজ-১)
ফোন: ৫৫১০১১১৮
e-mail:morahajsection@gmail.com

নম্বর- ১৬.০০.০০০০.০০৩.৩৮.০০২.২২.৬৫৪

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৯
২৯ মে ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২. চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা

৩. সিনিয়র সচিব/সচিব/জনপ্রশাসন মন্ত্রণালয়/ আপন বিভাগ/ জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা/পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা/স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/সুরক্ষা সেবা বিভাগ/জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

৪. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।

৬. আইজিপি, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

৭. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।

৮. রেজিষ্টার, বাংলাদেশ হাইকোর্ট, ঢাকা

৯. মহাপরিচালক, গোয়েন্দা সংস্থা পরিদপ্তর (ডিজিএফআই), ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।

১০. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা।

১১. মহাপরিচালক, পাসপোর্ট ও বহিরাগমন অধিদপ্তর, ঢাকা ।

১২. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

১৩. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, আগারগাঁও, ঢাকা।

১৪. ওয়াকফ প্রশাসক, বাংলাদেশ ওয়াকফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।

১৫. হিসাব মহানিয়ন্ত্রক, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

১৬. কনসাল জেনারেল, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।

১৭. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৮. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা।

১৯. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, মক্কা-আল-মোকাররমা, সৌদি আরব।

২০. প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা, প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

২১. উপসচিব (নিরাপত্তা-২), জননিরপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (হজ প্রশাসনিক দলের সদস্যদের মধ্যে সচিবালয়ের বাহিরের অফিসের সদস্যদেরকে আগামী .... খ্রি. তারিখ বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুরোধসহ)।

২২. উপসচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৩. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২৪. সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

২৫. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৬. প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা, প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তার কার্যালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সেগুনবাগিচা,

২৭. ঢাকা।

২৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, দর্শনার্থী গেট ১/২/৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আগামী .... খ্রি. তারিখ পর্যন্ত বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ)।

২৯. মহাব্যবস্থাপক (সেলস্), বিমান, মতিঝিল, ঢাকা।

৩০. হিসাবরক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩১. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

৩২. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা **(তাকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ সংক্রান্ত ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশের অনুরোধসহ)**।

৩৩. সংশ্লিষ্ট সকল অফিস/সংস্থা ....।

৩৪. জনাব .... সদস্য, হজ প্রশাসনিক দল ২০২২।

৩০.০৫.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব (হজ-১)